প্রশাঃ ২০০. মনে করুন,একজন ব্যক্তি এমন এক মেয়েকে প্রাইভেট পড়ায় যার বাবা মদের ব্যবসা করে। এখন সেই ব্যক্তির উপার্জিত টাকা কি হালাল হবে?

আপনি যার সাথে লেনদেন করবেন সে যদি আপনাকে হালাল উৎস থেকে টাকা দেয় তাহলে তার সাথে লেনদেন করা বৈধ। আর যদি আপনি জানেন হারাম উৎস থেকে আপনাকে টাকা দিবে, তাহলে তার সাথে লেনদেন করা অবৈধ।

যদি আপনার জানা না থাকে ব্যক্তি আপনাকে হালাল উৎস থেকে টাকা দিবে নাকি হারাম উৎস থেকে টাকা দিবে, তাহলে দেখতে হবে ব্যক্তির অধিকাংশ ইনকাম হালাল নাকি হারাম। যদি অধিকাংশ ইনকাম হালাল হয় তাহলে তার সাথে লেনদেন বৈধ হবে আর অধিকাংশ ইনকাম হারাম হলে তার সাথে লেনদেন অবৈধ হবে।

যদি আপনি যাকাত খাওয়ার উপযুক্ত হন তাহলে উভয় পরিষ্থিতিতে ব্যক্তির সাথে লেনদেন করা বৈধ হবে।



অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

